**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 29-11-2025 Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর:-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ছত্তিশগড়ের রায়পুরে পুলিশের ডিজি এবং আইজিদের ৬০ তম সর্বভারতীয় সম্মেলনের সভাপতিত্ব করেছেন। তিনদিনের এই সম্মেলনের উদ্বোধন করে গতকাল স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেন, পরবর্তী সম্মেলনের আগেই দেশ নকশাল মুক্ত হয়ে যাবে।

২) আগামীকাল আকাশবাণীতে প্রধানমন্ত্রীর মন কি বাত।

৩) সংসদের শীতকালীন অধিবেশনের আগে আগামীকাল সর্বদলীয় বৈঠক ডাকা হয়েছে।

৪) সামুদ্রিক ঘূর্ণিঝড় ডিটওয়ায় শ্রীলঙ্কায় কম করে ১২৩ জন প্রাণ হারিয়েছেন। আগামীকাল ভোর নাগাদ সেটির তামিলনাড়ুতে পৌঁছনোর সম্ভাবনা। রাজ্য জুড়ে ব্যাপক সতর্কতা জারি। বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর জানিয়েছেন, ঘূর্ণিঝড় বিধ্বস্ত শ্রীলঙ্কায় আরও ত্রাণ সামগ্রী পাঠানো হচ্ছে।

৫) গোয়ায় আয়োজিত এবারের ৫৬ আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ভিয়েতনামের ছবি স্কিন অউ ইয়থ স্বর্ণ ময়ূর জয় করেছে।

---

ছত্তিশগড়ের নয়া রায়পুরে ষাট-তম সর্বভারতীয় পুলিশ-ডিজি-আইজি-দের তিনদিনের সম্মেলন চলছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ওই সম্মলেনে সভাপতিত্ব করছেন।

স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, গতকাল এই সম্মেলনের উদ্বোধন করে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে পুলিশের ডিজি, আইজি-দের সম্মেলন, দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা সুদৃঢ় করার বিষয়ে এক গুরুত্বপূর্ণ মঞ্চ হয়ে উঠেছে। নকশালবাদের প্রসঙ্গে শ্রী শাহ বলেন, গত সাত বছরে কেন্দ্রীয় সরকার নিরাপত্তার জাল আরো কঠিন করতে ৫৮৬ টি থানা তৈরী করেছে। এর ফলে নকশাল অধ্যুষিত জেলার সংখ্যা ২০১৪-এ ১২৬ টি থেকে কমে দাঁড়িয়েছে ১১-তে । পরবর্তী ডিজি আইজি-দের সম্মেলনের আগে দেশ, নকশালমুক্ত হয়ে যাবে বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি। নকশালবাদ, উত্তর পূর্বাঞ্চল এবং জম্মু কাশ্মীর- দেশের নিরাপত্তার ক্ষেত্রে এমন তিনটি হটস্পট, যা লাগাতার দেশকে ক্ষতবিক্ষত করে আসছিল। মোদী সরকারের আমলে এই সমস্যার স্থায়ী সমাধান হয়েছে বলে স্বরাষ্ট্র মন্ত্রী জানান।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল (রবিবার), আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অনএ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় শোনা যাবে এর তর্জমা।

---------------------

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আগামীকাল কুরুক্ষেত্র সফর করতেন। সফরকালে তিনি ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি, কুরুক্ষেত্রর ২০ তম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পৌরহিত্য করবেন। এছাড়াও, আন্তর্জাতিক গীতা সম্মেলনের ফাঁকে আয়োজিত হতে চলা অখিল ভারতীয় দেবস্থানম সম্মেলনেও যোগ দেবেন তিনি।

---------------------

সংসদের শীতকালীন অধিবেশনের আগে আগামীকাল কেন্দ্র সর্বদলীয় বৈঠক ডেকেছে। শীতকালীন অধিবেশন শুরু হওয়ার কথা সোমবার। সর্বদলীয় বৈঠকে উপস্থিত থাকবেন সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু এবং বিভিন্ন দলের নেতারা। রাজ্যসভা এবং লোকসভার শীতকালীন অধিবেশন যাতে নির্বিঘ্নে সম্পন্ন হয় সেই লক্ষ্যেই এই বৈঠকে আলোচনা হওয়ার কথা।

উল্লেখ্য, পয়লা ডিসেম্বর থেকে শুরু হয়ে ১৯শে ডিসেম্বর পর্যন্ত এবারের অধিবেশন চলবে। এই অধিবেশনে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল পেশ করার সম্ভবনা রয়েছে।

---------------------

দেশীয় প্রযুক্তিতে নির্মিত আধুনিক স্টেলথ ফ্রিগেট ‘তারাগিরি’ চতুর্থ নীলগিরি ক্লাসের - প্রোজেক্ট ১৭এ – গতকাল মুম্বইয়ে আনুষ্ঠানিক ভাবে নৌসেনাকে হস্তান্তরিত করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানা গেছে, এটি হল যুদ্ধজাহাজ নকশা ও নির্মাণে এবং

দেশের আত্মনির্ভরতার পথে একটি বড় মাইলফলক। প্রোজেক্ট ১৭এ–এই যুদ্ধজাহাজের ফ্রিগেটগুলো সমুদ্রসীমায় যে কোনো চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম।

এই প্রকল্পের আওতায় থাকা তিনটি জাহাজ আগামী বছরের আগস্টের মধ্যে ধাপে ধাপে নৌবাহিনীর কাছে পৌঁছে দেওয়ার পরিকল্পনা রয়েছে বলেও মন্ত্রক সূত্রে জানানো হয়েছে।

---------------------

জম্মু ও কাশ্মীরের উপ রাজ্যপাল মনোজ সিনহা বলেছেন, , একটি স্বনির্ভর এবং উন্নত ভারতের জন্য, শিল্প এবং কৃত্রিম বুদ্ধিমত্তা, বিজ্ঞান এবং সংস্কার উভয়ই অত্যন্ত গুরুত্বপূর্ণ । কবি ও লেখকদের ঐক্য শক্তিশালী হলে , কাশ্মীর উপত্যকায় যুবসমাজকে বিভক্ত ও মৌলবাদী অঞ্চল করার বিচ্ছিন্নতাবাদী প্রচেষ্টাকে প্রতিহত করা যাবে। আকাশবাণীর জম্মু সংবাদদাতা জানিয়েছেন গতকাল জম্মু বিশ্ববিদ্যালয়ের জেনারেল জোরাওয়ার সিং অডিটোরিয়ামে পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড আয়োজিত 'কবি সম্মেলন'-এ যোগ দিয়ে তিনি জাতি গঠনে সাহিত্যের ভূমিকার কথা তুলে ধরেন।

---------------------

প্রয়োজনীয় ও বাধ্যতামূলক সুরক্ষা ব্যবস্থা কার্যকরী না হওয়া পর্যন্ত অসামরিক উড়ান চলাচল কর্তৃপক্ষ – D G C A এয়ারবাস A320 পরিচালিত উড়ানগুলি অবিলম্বে বন্ধ করার নির্দেশ দিয়েছে। একটি বিজ্ঞপ্তি জারি করে ডি জি সি এ, এয়ারবাস A318, A319, A320 এবং A321 পরিচালিত সমস্ত উড়ান নিয়মনীতি মেনে মেরামত না হওয়া পর্যন্ত চালাতে নিষেধ করেছে।

উল্লেখ্য, এয়ারবাস A320 পরিচালিত সমস্ত বিমানের জরুরি ভিত্তিতে মেরামতির নির্দেশ দেওয়া হয়েছে। ভারতেও, একাধিক বিমান সংস্থার উড়ান চলাচল ব্যাহত হচ্ছে। বিশ্বজুড়ে প্রায় ছ'হাজার বিমান চলাচলে প্রভাব পড়বে বলে মনে করা হচ্ছে। প্রভাবিত হবে।

---------------------

পর পর তিন সপ্তাহ ধরে বম্বে শেয়ার বাজার সূচক-সেনসেক্স এবং জাতীয় শেয়ার সূচক-নিফটির ঊর্ধ্বগতি অব্যাহত রয়েছে। বিশ্ব বাজার থেকে সদর্থক বার্তা, অভ্যন্তরীণ বাজারে নগদের জোরদার জোগান এবং ভারত মার্কিন বাণিজ্য চুক্তি নিয়ে প্রত্যাশার মধ্যেই শেয়ার সূচকের এই ঊর্ধ্বগতি। গত বৃহস্পতিবার দীর্ঘ ১৪ মাস পর দুটি সূচক-ই নতুন উচ্চতায় পৌঁছয়। সেনসেক্স ৮৬ হাজার ৫৬ এবং নিফটি ২৬ হাজার ৩১০ পয়েন্টে পৌঁছে যায়। এ সপ্তাহে বিদেশী মুদ্রা বাজারেও ভারতীয় টাকার মূল্যমান চার পয়সা বেড়ে হয়েছে ডলার পিছু ৮৯ টাকা ৪৫ পয়সা।

---------------------

শ্রীলঙ্কার বেশিরভাগ অংশে সামুদ্রিক ঘূর্ণিঝড় দিত্বোয়া ব্যাপক তাণ্ডব চালিয়েছে। এর ফলে, প্রচুর জীবন এবং সম্পত্তির ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে। এখনও পর্যন্ত ১২৩ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। নিখোঁজ অন্তত ১৩০ জন। ঘূর্ণিঝড়ের জেরে ৩ লক্ষ ৭০ হাজারেরও বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। কয়েকদিন ধরে লাগাতার বর্ষণের পর ঘূর্ণিঝড়টি এখন উত্তর ও উত্তর-পশ্চিমদিকে তামিলনাড়ু উপকূলের দিকে অগ্রসর হচ্ছে। রাজ্যজুড়ে ব্যাপক সতর্কতা জারি করা হয়েছে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ২০১৭ সালের মে মাসের পর থেকে শ্রীলঙ্কা এত বড় প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখীন হয়নি।

---------------------

বিদেশ মন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর বলেছেন, কলম্বোয় মোট ২৭ টন ত্রাণ সামগ্রী আকাশ ও সমুদ্র পথে পাঠানো হয়েছে। সমাজ মাধ্যমের এক বার্তায় ডক্টর জয়শঙ্কর আরো বলেন, সামুদ্রিক ঘূর্ণিঝড় 'দিত্বোয়া'-র ফলে ক্ষতিগ্রস্ত এলাকায় আরো ত্রাণ সামগ্রী এখন পথে রয়েছে। NDRF-এর ৮০ জনকে নিয়ে গঠিত দুটি উদ্ধারকারী দল, সঙ্গে গেছে। সামুদ্রিক ঘূর্ণিঝড় 'দিত্বোয়া'-র ফলে শ্রীলঙ্কার ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ ও উদ্ধার কাজের জন্য ভারত অপারেশন 'সাগর বন্ধু' চালু করেছে। এই অভিযানের আওতায় ভারতীয় বিমান বাহিনী গতরাতে হিন্দন সামরিক বিমান ঘাঁটি থেকে একটি C-130 IL-76-কে সেখানে পাঠিয়েছে।

---------------------

সামুদ্রিক ঘূর্ণিঝড় 'দিত্বোয়া', দক্ষিণ পশ্চিম বঙ্গোপসাগরের ওপর গত ৬'ঘন্টা ধরে আট কিলোমিটার গতিতে এগিয়ে চলেছে। জাফনার ৮০ কিলোমিটার দক্ষিণ পূর্বে কাড়াইকাল থেকে ১৯০ কিলোমিটার এবং চেন্নাই-এর ৪০০ কিলোমিটার দক্ষিণে এটি অবস্থান করছে। ক্রমশঃ উত্তর অভিমুখে এগিয়ে আগামীকাল ভোর নাগাদ ঘূর্ণিঝড়টি উত্তর তামিলনাড়ু, পুদুচেরী এবং দক্ষিণ অন্ধ্রে গিয়ে পৌঁছবে।

এই ঘূর্ণিঝড়ের ফলে তামিলনাড়ুতে বিমান ও রেল পরিষেবা বিপর্যস্ত হয়েছে। পরিস্থিতি পর্যালোচনায় রাজ্যের বিপর্যস্ত মোকাবিলা মন্ত্রী থিরু রামচন্দ্রন জেলা কালেক্টারদের সঙ্গে ভিডিও কনফারেন্স করেছেন। চেন্নাই-তে তিনি বলেন, এখনো পর্যন্ত

প্রানহানির কোনো খবর নেই। ঘূর্ণিঝড় চলে যাওয়ার পর ক্ষয়ক্ষতির পরিমাপ করা হবে। পাঁচটি উদ্ধারকারি দল ভিল্লুপুরমে পাঠানো হয়েছে। জনগণকে তিনি ঘরের মধ্যে থাকার এবং সমুদ্র ও জলাশয়ের কাছে না যাবার জন্য অনুরোধ করেছেন।

আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, ঘূর্ণিঝড় দিতওয়াহ প্রভাবে তামিলনাড়ুর উপকূল এলাকার শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা হয়েছে।

---------------------

ইন্দোনেশিয়ায়, আচেহ, উত্তর সুমাত্রা এবং পশ্চিম সুমাত্রায় সুনামির জেরে সৃষ্ট ভূমিকম্প এবং বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ২৪৮ জনে দাঁড়িয়েছে। নিখোঁজ শতাধিক। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। রাস্তাঘাটে ধ্বস নামায় যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিচ্ছিন্ন। উত্তর সুমাত্রা প্রদেশের তাপানুলি জেলায় বিমান থেকে ত্রাণ সরবরাহ করা হছে।

সে-দেশের জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী জানিয়েছে, উদ্ভূত বন্যার জেরে পাহাড়ি এলাকার গ্রামগুলি বিপর্যস্ত। সহস্রাধিক ঘরবাড়ি জলে ডুবে গেছে।

---------------------

হংকং এর তাই পো জেলায় ওয়াং ফুক কোর্ট আবাসনে অগ্নিকান্ডের ঘটনায় জড়িত থাকার অভিযোগে আট জনকে গ্রেফতার করা হয়েছে। হংকং এর দুর্নীতি বিরোধী ইন্ডিপেন্ডেন্ট কমিশন আবাসনের মেরামতি ও রক্ষনাবক্ষন এর সঙ্গে দুর্নীতির যোগাযোগ নিয়ে তদন্ত চালাচ্ছে। এই আট জনের মধ্যে এঞ্জিনিয়ারিং পরামর্শ দাতা, ঠিকাদাররা রয়েছেন। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, অগ্নিকান্ডের ঘটনায় উদ্ধারের কাজ শেষ হয়েছে। ঘটনায় ১২৮ জনের মৃত্যু হয়েছে। দুশো জনের খোঁজ পাওয়া যায়নি।

---------------------

ভারতের প্রথম দেশীয় পদ্ধতিতে তৈরি বিমানবাহী যুদ্ধজাহাজ আইএনএস বিক্রান্ত (আইএনএস বিক্রান্ত) এবং এআইএনএস উদয়গিরি কলম্বোয় শ্রীলঙ্কার নৌবাহিনী আয়োজিত আন্তর্জাতিক ফ্লিট রিভিউতে অংশ নেবে। শ্রীলঙ্কার নৌবাহিনীর ৭৫ তম বর্ষ উদযাপনে এই নৌ বহর পর্যালোচনার আয়োজন করা হয়েছে।

---------------------

ভারত, আন্তর্জাতিক সামুদ্রিক সংগঠন - আই এম ও পরিষদে সর্বাধিক ভোট পেয়ে ২০২৬-২৭ সালের জন্য পুনির্নির্বাচিত হয়েছে। লন্ডনে গতকাল আই এম ও-র ৩৪ তম অধিবেশনে এই নির্বাচন হয়। সমুদ্রপথে আন্তর্জাতিক বাণিজ্যে আগ্রহী দশটি দেশের মধ্যে ভারত সবথেকে বেশী ভোট পেয়েছে। ১৬৯টি বৈধ ভোটের মধ্যে ভারত ভোট পেয়েছে ১৫৪টি।

---------------------

অস্ট্রেলিয়ায়, বিমান নির্মাণকারী সংস্থা - এয়ারবাস জরুরি ভিত্তিতে সফ্টওয়্যার আপডেট করার ঘোষণার পর আজ সে-দেশের সব বিমানবন্দরে যাত্রীরা বিশৃঙ্খলার মধ্যে পড়েন। উড়ান পরিচালনা সংস্থা জেটস্টার তাদের ৩৪টি বিমানের জন্য জরুরি সফ্টওয়্যার আপডেট চালু করার সময় কমপক্ষে ৯০টি উড়ান বাতিল বা বিলম্বিত করেছে।

সিডনি থেকে অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়ার তুলামারিন এবং অ্যাভালন বিমানবন্দর, অস্ট্রেলিয়ার অ্যাডিলেড, পার্থ এবং হোবার্টে অনেক উড়ান আজ সকালে বাতিল করা হয়েছে।

---------------------

লিবিয়ার পূর্বাঞ্চলীয় প্রতিনিধি পরিষদের অধ্যক্ষ আগুইলা সালেহ, লিবিয়ার জাতীয় নির্বাচন কমিশনকে অবিলম্বে সরাসরি রাষ্ট্রপতি নির্বাচন সংক্রান্ত আইন বাস্তবায়ন এবং রাষ্ট্রপতি ভোট গ্রহণের আহ্বান জানিয়েছেন। লিবিয়ার রাজনৈতিক স্থিতিশীলতার পথ ত্বরান্বিত করার জন্য যত তাড়াতাড়ি সম্ভব রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠানের আহ্বান জানান তিনি।

অধ্যক্ষ এর মিডিয়া অফিসের একটি অফিসিয়াল ফেসবুক পেজে, গতকাল সালেহ পূর্ব ও দক্ষিণাঞ্চলীয় অঞ্চল সহ লিবিয়ার বেশ কয়েকটি শহরে অনুষ্ঠিত শান্তিপূর্ণ বিক্ষোভের প্রতি সংসদের সমর্থন প্রকাশ করেছেন ।

---------------------

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প সমাজ মাধ্যমের একটি বার্তায় বলেন, জোহানেসবার্গে জি ২০ সম্মেলনে আমেরিকার যোগ না দেওয়ার কারণ হল দক্ষিণ আফ্রিকায় মানবাধিকার আইন লঙ্ঘন। তিনি স্পষ্ট জানান, আগামী বছর মায়ামিতে জি ২০ সম্মেলনে দক্ষিণ আফ্রিকাকে আহ্বান জানানো হবে না। দক্ষিণ আফ্রিকা সরকার সেদেশের সংখ্যা লঘু সম্প্রদায়ের উপর গুরুতর মানবাধিকা আইন ভঙ্গের পরেও উদাসীন রয়েছে বলে অভিযোগ করেন ট্রাম্প।

---------------------

ইফি ২০২৫ এ সেরা চলচ্চিত্রের জন্য স্বর্ণ ময়ূর বা গোল্ডেন পিকক পুরস্কার জিতে নিয়েছে অ্যাশলে মে ফেয়ার পরিচালিত ভিয়েতনামের ছবি Skin of Youth। সেরা পরিচালক হিসেবে রূপোলী ময়ূর বা সিলভার পিকক সম্মান পেয়েছেন সন্তোষ দাভাখার। মারাঠি ছবি গোন্ধালের জন্য তিনি জিতে নিয়েছেন এই সম্মান। স্পেশাল জুরি সম্মান পেয়েছেন মাই ফাদার'স শ্যাডোর পরিচালক আকিনোলা ডেভিস জুনিয়ার। সেরা

অভিনেতা নির্বাচিত হয়েছেন উবেইমার রায়োস এবং লিটিল ট্রাবল গার্লসের জন্য সেরা অভিনেত্রী হয়েছেন যারা সোফিয়া ওস্তান। সেরা ডিবিউ ছবি হিসেবে যুগ্মভাবে সিলভার পিকক পেয়েছে হেসাম ফারাহমান্দের My Daughter's Hair এবং টোনি পিলের Franki

---------------------

ভারত ৭-০ গোলে চিলিকে হারিয়ে পুরুষদের জুনিয়র হকি বিশ্বকাপ অভিযান শুরু করেছে। চেন্নাইয়ের মেয়র রাধাকৃষ্ণন হকি স্টেডিয়ামে গতকাল এই ম্যাচে ভারতের রোশন কুজুর ও দিলরাজ সিং দুটি করে গোল করেছেন। আজিত যাদব, আনমল এক্কা এবং অধিনায়ক রোহিত একটি করে গোল করেন। পুল বি, র দ্বিতীয় ম্যাচে আজ ভারত ওমানের বিরূদ্ধে খেলবে। খেলা শুরু হবে রাত আটটায়।

অন্য ম্যাচে নেদারল্যান্ডস ইংল্যান্ডের, মালয়েশিয়া অস্ট্রিয়ার, ফ্রান্স কোরিয়ার, দক্ষিণ আফ্রিকা আয়ারল্যান্ড, অস্ট্রেলিয়া বাংলাদেশ, কানাডা জার্মানি ও চিলি-সুইজারল্যান্ডের বিরুদ্ধে খেলবে।

---------------------  ---------------------